

‘ভয়েস অব বাংলাদেশ’ রেডিও অনুষ্ঠানের সময়সূচির পরিবর্তন



দীর্ঘ আট বছর ধরে প্রবাসী বাংলাদেশীদের জন্য SWR FM 99.9 থেকে প্রতি রবিবার দুপুর ২টা থেকে ৩টা পর্যন্ত ‘ভয়েস অব বাংলাদেশ’ রেডিও অনুষ্ঠানটি প্রচারিত হয়ে আসছিল। ভয়েস অব বাংলাদেশের অগনিত শ্রোতাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উক্ত অনুষ্ঠানটি আগামী ১৪ অক্টোবর ২০১২ থেকে একই দিনে অর্থাৎ প্রতি রবিবার দুপুর ২টা থেকে ৩টার পরিবর্তে সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত প্রচারিত হবে। শ্রোতাদের সকলের বিশেষ অনুরোধে সময়সূচির এই পরিবর্তন করা হলো। তাই সবার কাছে অনুরোধ, আগামী ১৪ অক্টোবর ২০১২ থেকে ‘ভয়েস অব বাংলাদেশ’ রেডিও অনুষ্ঠান শুনার জন্য প্রতি রবিবার সকাল ১১টায় 99.9 FM টিউন করতে আপনারা যেন ভুলে না যান। দীর্ঘ আট বছর ধরে ভয়েস অব বাংলাদেশের সাথে থাকার জন্য আপনাদের সবাইকে কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানাচ্ছি। আগামীতেও আপনারা ভয়েস অব বাংলাদেশের সাথে থাকবেন, এই প্রত্যাশা রইল।

- ড. নাগিস আক্তার বানু
প্রযোজক ও পরিচালক

Voice of Bangladesh Radio, Sydney